দৈনিক বাংলা

তারিখ ...05 OCT. 1995...
পৃষ্ঠা ... ১ কলাম ... ৬...

৭৭

ঢাকা ভার্সিটি

# পরীক্ষার সময়সূচী পুনর্বিন্যাস প্রশ্নে আজ সিদ্ধান্ত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** : আজ বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স ও মাস্টার্স ফাইনাল পরীক্ষার সময়সূচী পুনর্বিন্যাসের ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে।

গতকাল বুধবার এ নিয়ে ভিসি সকল বিভাগের চেয়ারম্যান ও প্রফেসরদের সঙ্গে বৈঠক করেন। একটি সূত্র জানান, বৈঠকে অধিকাংশ শিক্ষক একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী পরীক্ষার সময়সূচী দেয়ার পক্ষে মত দেন। আজ বৃহস্পতিবার ভিসির সঙ্গে সামাজিক বিজ্ঞান ও কলা অনুষদের ডীনের বৈঠক হবে।

গতকাল রাতে একজন বিভাগীয় চেয়ারম্যান দৈনিক বাংলাকে বলেন, ডীনদের সঙ্গে বৈঠক শেষে ভিসি পরীক্ষার সময়সূচীর পুনর্বিন্যাস করা হবে কি হবে না সে ব্যাপারে ঘোষণা দেবেন।

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার সময়সূচী

(প্রথম পৃষ্ঠার পর)

এদিকে পরীক্ষার্থী ছাত্রছাত্রীরা বলেছেন, পরীক্ষা পিছানো না হলে আন্দোলন অব্যাহত থাকবে। তারা ইতিমধ্যে ৬ অক্টোবরের মধ্যে সিদ্ধান্ত গ্রহণের জন্য কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন।

উল্লেখ্য, তিন বিরোধীদল আহূত হরতালের দিনগুলিতে পরীক্ষার সময়সূচী পরিবর্তন ও প্রতিটি পরীক্ষার পূর্বে কমপক্ষে ১৫ দিন বিরতির দাবীতে পরীক্ষার্থী ছাত্রছাত্রীরা তাদের আন্দোলন অব্যাহত রেখেছেন।